

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
এপিএ শাখা।

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সমূহ কর্তৃক প্রেরিত ২০১৮-২০১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৪র্থ কোয়ার্টার এর অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনার জন্য নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: কামাল উদ্দিন তালুকদার,
সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
তারিখ : ১১/০৭/২০১৯ ইং।
সময় : বেলা ১২.০০ ঘটিকা।
সভার স্থান : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিতি পরিশিষ্ট-‘ক’-তে।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এ বিভাগের সভাকক্ষে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০১৮-১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশলের ৪র্থ কোয়ার্টার এর অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনার জন্য ১১/০৭/২০১৯ তারিখ ১২.০০ ঘটিকায় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা ‘পরিশিষ্ট-ক’-তে দ্রষ্টব্য। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি এ বিভাগের বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি (এপিএ)-এর টিম প্রধান জনাব মো: আফজাল হোসেন, অতিরিক্ত সচিব-কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ জানান।

আলোচনা :


বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি (এপিএ)-এর টিম প্রধান মো: আফজাল হোসেন, অতিরিক্ত সচিব এ বিভাগের দপ্তর/সংস্থার ২০১৮-১৯ অর্থবছরের পরিবীক্ষণ ছক মোতাবেক ৪র্থ কোয়ার্টারের অর্জন প্রতিবেদন উপস্থাপন করেন। তিনি অধিনস্থ দপ্তর/সংস্থাকুলের ২০১৮-১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল এর লক্ষ্যমাত্রা অর্জন পৃথকভাবে পর্যালোচনা করেন। বিস্তারিত আলোচনা শেষে গত সভায় সিদ্ধান্ত সমূহের ক্ষেত্রে নিম্নলিখিত অগ্রগতি সম্পন্ন হয়েছে মর্মে উল্লেখ করা হয় :-

- ক) তৃতীয় কোয়ার্টার এর নৈতিকতা কমিটির সভায় গৃহীত ১০টি সিদ্ধান্তের মধ্যে ক্রমিক নং- ২, ৩, ৪, ৫, ৭ ও ৮ নং এর সিদ্ধান্ত সমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়িত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো যেতে পারে।
- খ) ১নং ক্রমিকের গৃহীত সিদ্ধান্ত আংশিক অর্জিত হয়েছে। এক্ষেত্রে সমবায় আইন ও বিধি সংশোধন বিষয়ে মূল আইন সংশোধন সংক্রান্ত খসড়া প্রণীত হয়েছে। কাজেই উক্ত আইন ও বিধি পরবর্তী অর্থ বছরে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত হয়।
- গ) ৬নং ক্রমিকের সিদ্ধান্ত মোতাবেক শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় বর্ণিত নির্দেশক সমূহের লক্ষ্যমাত্রার ৯০% বা তদুর্ধ্ব অর্জন হয়েছে। পরবর্তী অর্থ বছরে এ সকল ক্ষেত্রে ১০০% অর্জন নিশ্চিত করতে হবে।

- ঘ) ৯নং ক্রমিক তথা সেবা প্রদানের ক্ষেত্রে এ বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের দায়িত্বশীলতা অধিকাংশ ক্ষেত্রে কাজিত মাত্রায় অর্জিত হলেও তা ১০০% অর্জিত হয়েছে এ কথা বলা যায় না। কাজেই পরবর্তী অর্থ বছরে এক্ষেত্রে ১০০% অর্জন নিশ্চিত করতে হবে।
- ঙ) ১০ নং ক্রমিকের নির্দেশনা অনুযায়ী সর্বশেষ কোয়ার্টারে পূর্বের ঘাটতিসহ লক্ষ্যমাত্রা অর্জনে অগ্রগতি হলেও ১০০% অর্জিত হয়নি। পরবর্তী অর্থ বছরে এক্ষেত্রে ১০০% লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করতে হবে।
- চ) মন্ত্রিপরিষদ বিভাগে ২০১৮-১৯ এর অর্জনের স্বপক্ষে প্রমাণক দাখিলের জন্য অনতিবিলম্বে সকল প্রকার প্রমাণক প্রস্তুত রাখতে হবে।

০২। এ বিভাগের জন্য বৃহত্তর পর্যায়ের ক্রয় কার্যক্রম না থাকায় এবং ক্রয় সামগ্রি সংরক্ষনের যথাযথ স্থান না থাকায় ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হয়নি। ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্যক্রমের ক্ষেত্রে আমার বাড়ি আমার খামার প্রকল্পের কার্যক্রম উল্লেখ করা হয়েছে। শুদ্ধাচার পুরস্কার প্রদান ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে।

০৩। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মো: কামাল উদ্দিন তালুকদার)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।